রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৩, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১১ ফাল্গুন ১৪১৮ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি ২০১২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৫৩-আইন/২০১২/৬৩২-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৪১ক হইতে ৪১ট এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা মূল্য সংযোজন কর (বিকল্প বিরোধ নিস্পত্তি) বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৪১খ অনুযায়ী কার্যকর করিবার জন্য সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ ও যে কমিশনারেট নির্ধারণ করা হইবে সেই তারিখ ও সেই কমিশনারেটে উহা কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) 'আইন' অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(খ) 'করদাতা' অর্থ আইনের অধীন নিবন্ধিত করদাতা যাহার মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ অথবা কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট (আপীল) অথবা শুল্ক, আবগারী ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল অথবা সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ অথবা আপীল বিভাগ এর নিকট ধারা ৪১গ তে বর্ণিত কোন বিরোধ (dispute) নিষ্পন্নাধীন রহিয়াছে;

(গ) "বিভাগীয় প্রতিনিধি" অর্থ বিধি ১০ এর অধীন তালিকাভুক্ত কোন কর্মকর্তা;

(ঘ) 'বিরোধীয় মূল্য বা বিষয়' অর্থ যে পরিমাণ মূল্য সংযোজন করযোগ্য মূল্য বা দাবী বিষয়ে করদাতা ও সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের মধ্যে বিরোধ সৃষ্টি হইয়াছে;

(ঙ) 'বোর্ড' অর্থ জাতীয় রাজস্ব বোর্ড;

(চ) 'সার্ভিস চার্জ' অর্থ বিধি ১১ এর অধীন মূল্যমান অনুসারে নির্ধারিত সহায়তাকারীকে প্রদানের লক্ষ্যে সার্ভিস চার্জ;

(ছ) 'ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা' অর্থ বিকল্প বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট কমিশনারেটের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা।

৩। বিকল্প বিরোধ নিষ্পত্তির পদ্ধতি।—(১) মূল্য সংযোজন কর কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইব্যুনালে নিষ্পন্নাধীন ধারা ৪১গ এর অধীন কোন বিরোধ নিষ্পত্তি করিতে চাহিলে সংশ্লিষ্ট করদাতাকে বিধি ১১ এ উল্লিখিত মূল্যমান অনুসারে সার্ভিস চার্জ নির্ধারিত পে অর্ডারের মাধ্যমে ফরম -১ এ যথাক্রমে দুই সেট এবং তিন সেটে বোর্ড কর্তৃক নির্ধারিত কর্মকর্তা বা কর্তৃপক্ষ, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইব্যুনালের মাধ্যমে সহায়তাকারীর নিকট আবেদন করিতে হইবে এবং প্রতিটি আবেদনপত্রের সাথে ৫০০/- টাকা মূল্যমানের স্ট্যাম্প প্রদান করিতে হইবে।

(২) বিরোধীয় মূল্যমান ১,০০,০০০ (এক লক্ষ) টাকার কম হইলে এই বিধিমালার আওতায় বিকল্প বিরোধ নিষ্পত্তির জন্য কোন আবেদন করা যাইবে না।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইব্যুনাল ফরম-২ অনুযায়ী প্রস্তুতকৃত রেজিস্টারে আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির বিবরণসমূহ অন্তর্ভুক্ত করিবেন।

(৪) নির্ধারিত কর্মকর্তা বা কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর বিধি ৫ এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে ০১ (এক) কার্যদিবসের মধ্যে আবেদনকারীর পক্ষে একজন সহায়তাকারী এবং বিধি ১০ এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে একজন বিভাগীয় প্রতিনিধি মনোনয়ন প্রদান করিবেন এবং উক্ত মনোনয়নের বিষয়ে ০২ (দুই) কার্যদিবসের মধ্যে সহায়তাকারী, আবেদনকারী এবং বিভাগীয় প্রতিনিধিকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৫) আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইব্যুনাল উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন নিষ্পত্তির জন্য বিধি ৫ এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে আবেদনকারীর পক্ষে একজন সহায়তাকারীকে মনোনয়ন প্রদান করিবেন এবং সংশ্লিষ্ট কমিশনারেটের মন্তব্য ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নথি এবং একজন বিভাগীয় প্রতিনিধি মনোনয়নপূর্বক ০২ (দুই) কার্যদিবসের মধ্যে উক্ত আপিলাত ট্রাইব্যুনাল, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেটে প্রেরণের অনুরোধসহ আবেদনপত্রের এক সেট সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটে প্রেরণ করিবেন।

(৬) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর বোর্ড কর্তৃক নির্ধারিত কর্মকর্তা বা কর্তৃপক্ষ ০৪ (চার) কার্যদিবসের মধ্যে এবং আপিলাত কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিলাত ট্রাইব্যুনাল সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটের নিকট হইতে মন্তব্যসহ নথি প্রাপ্তির ০৮ (আট) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট নথি, প্রয়োজনীয় কাগজপত্র এবং বিভাগীয় প্রতিনিধিসহ মনোনীত সহায়তাকারীর নিকট প্রেরণ করিবেন এবং তদমর্মে আবেদনকারী, সহায়তাকারী ও বিভাগীয় প্রতিনিধিকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন আবেদনপত্রসহ সংশ্লিষ্ট নথি প্রাপ্তির পর মনোনীত সহায়তাকারী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনে উল্লিখিত বিরোধীয় বিষয়টি আইনের ধারা ৪১গ এর অধীন নিষ্পত্তিযোগ্য কিনা তাহা প্রাথমিকভাবে যাচাই-বাছাই করিবেন এবং উক্ত আবেদন ধারা ৪১(গ) এর অধীন নিষ্পত্তিযোগ্য হইলে ধারা ৪১ক হইতে ৪১ট এ বর্ণিত বিধান ও এই বিধিমালা অনুযায়ী আইনে নির্ধারিত অবশিষ্ট মেয়াদের মধ্যে নিষ্পত্তি করিবেন।

(৮) উপ-বিধি (৭) এর অধীন আবেদনপত্র যাচাই-বাছাইক্রমে যদি এই মর্মে প্রতীয়মান হয় যে, আবেদনে উল্লিখিত বিরোধীয় বিষয় ধারা ৪১(গ) এর অধীন নিষ্পন্নযোগ্য নহে তাহা হইলে মনোনীত সহায়তাকারী আবেদনপত্রটি সার্ভিস চার্জের পে অর্ডারসহ পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে ফেরত প্রদান করিবেন।

(৯) ধারা ৪১গ এর আওতাধীন কোন বিরোধ রীট পিটিশন বা আপীল হিসাবে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ বা আপীল বিভাগে বিচারাধীন থাকিলে ধারা ৪১ঙ এর বিধান অনুযায়ী ও এই বিধিমালার প্রযোজ্য বিধান অনুযায়ী নিষ্পত্তি করিতে হইবে।

৪। **সহায়তাকারীর বিরুদ্ধে আপত্তি**।—(১) বিকল্প বিরোধ নিস্পত্তির লক্ষ্যে বিধি ৩ এর উপ-বিধি (৪) ও (৫) এর অধীন মনোনীত কোন সহায়তাকারীর বিরুদ্ধে আবেদনকারী অথবা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগের প্রতিনিধির যুক্তিসঙ্গত অভিযোগ বা আপত্তি থাকিলে তদমর্মে জাতীয় রাজস্ব বোর্ড বরাবর লিখিতভাবে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত অভিযোগ বা আপত্তি জাতীয় রাজস্ব বোর্ড ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তদন্তপূর্বক প্রয়োজনবোধে উক্ত সহায়তাকারীকে পরিবর্তন করিতে অথবা তালিকা হইতে বাদ দিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন সহায়তাকারী পরিবর্তন করা হইলে সহায়তাকারীর তালিকা হইতে অন্য একজনকে সহায়তাকারী হিসাবে মনোনয়ন প্রদান করিতে হইবে।

(৪) সহায়তাকারী পরিবর্তন অথবা পুনঃমনোনয়নের কারণে ব্যয়িত সময় বিরোধ নিস্পত্তির জন্য আইনে নির্ধারিত সময়সীমা হতে বাদ যাইবে না।

৫। **সহায়তাকারীর (Facilitator) যোগ্যতা, নিয়োগ এবং তালিকা**।—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, ফেডারেশন চেম্বারের সাথে আলোচনাক্রমে নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিগণের সমন্বয়ে সহায়তাকারীর একটি তালিকা প্রস্তুত করিবে, যথাঃ—

(ক) মূল্য সংযোজন কর বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ যুগ্ম কমিশনারের নিম্নে নহেন এইরূপ অবসরপ্রাপ্ত কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা;

(খ) অতিরিক্ত জেলা জজ এর নিম্নে নহেন এইরূপ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের অবসরপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(গ) মূল্য সংযোজন কর বিষয়ে অন্যূন সাত (৭) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবী বা চার্টার্ড একাউন্টেন্ট;

(ঘ) উপ-সচিবের নিম্নে নহে এইরূপ আইন ও লেজিসলেটিভ বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ অবসরপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঙ) মূল্য সংযোজন কর বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ কোন ব্যবসায়ী।

(২) জাতীয় রাজস্ব বোর্ড ও ফেডারেশন চেম্বারের সাথে আলোচনাক্রমে, প্রতি ছয় মাস পর পর সহায়তাকারীগণের প্রত্যেকের কর্মতৎপরতা পর্যালোচনাপূর্বক উপ-বিধি (১) এর অধীন প্রস্তুতকৃত তালিকা সংশোধন করিতে পারিবে।

৬। **সহায়তাকারীর দায়িত্ব ও কর্তব্য।**—(১) সহায়তাকারী, আবেদনকারী ও বিভাগীয় প্রতিনিধির সাথে আলোচনাক্রমে বিবেচ্য বিরোধের—

(ক) নিষ্পত্তির বা সিদ্ধান্তের বিষয়বস্তু (Issues for Resolution) নির্ধারণ করিবেন ;

(খ) বিকল্প বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়ায় অনুসৃতব্য পদ্ধতি, কৌশল বা কাঠামো নির্ধারণ করিবেন ;

(গ) বিকল্প বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে অনুষ্ঠিতব্য আলোচনা সভার স্থান, তারিখ ও সময় নির্ধারণ করিবেন ;এবং

(ঘ) উভয় পক্ষকে সময় উল্লেখসহ প্রয়োজনীয় দলিলাদি দাখিল করিবার জন্য লিখিতভাবে অবহিত করিবেন।

(২) সহায়তাকারী প্রয়োজনবোধে আবেদনকারী এবং বিভাগীয় প্রতিনিধিকে বিরোধীয় বিষয়ে আইনানুগ নিষ্পত্তির লক্ষ্যে পৌঁছাইতে উভয় পক্ষের মধ্যে মধ্যস্থতা করিতে পারিবেন।

(৩) বিকল্প বিরোধ নিষ্পত্তি চলমান থাকা অবস্থায় আবেদনকারী, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, আইনসংগত বা যুক্তিসংগত কারণ ব্যতীত বিকল্প বিরোধ নিষ্পত্তিতে অসহযোগিতা (cognizable non-cooperation) করিলে বা নির্ধারিত তারিখে হাজির হইতে ব্যর্থ হইলে কিংবা আইনসংগত নির্দেশ পালনে ব্যর্থ হইলে, সহায়তাকারী কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চলমান বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া বাতিল করিতে পারিবেন।

(৪) বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় বিরোধীয় বিষয়ে উভয়পক্ষের মধ্যে মতৈক্যের ভিত্তিতে (by agreement) সিদ্ধান্ত হইলে, সহায়তাকারী ফরম-৩ এ মতৈক্যের শর্তসমূহ (Terms of Agreement) লিপিবদ্ধ করিবেন এবং সহায়তাকারীসহ উভয়পক্ষ উক্তরূপ লিপিবদ্ধকৃত সিদ্ধান্তে স্বাক্ষর করিবেন।

(৫) বিরোধীয় বিষয় সম্পর্কে উভয়পক্ষের মধ্যে মতৈক্য না হইলে সহায়তাকারী উহার কারণসমূহ ফরম-৩ এ লিপিবদ্ধ করিবেন এবং উভয় পক্ষের স্বাক্ষর গ্রহণপূর্বক উক্ত ফরম-৩ সহ বিরোধীয় বিষয়টি সংশ্লিষ্ট কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইব্যুনালে নিষ্পন্নের তারিখ হইতে ০২ (দুই) কার্যদিবসের মধ্যে ফেরত প্রদান করিবেন।

(৬) উভয়পক্ষের মধ্যে মতৈক্যের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সহায়তাকারী বিরোধ নিস্পত্তির ভিত্তিতে পাওনা অর্থ আদায়, পরিশোধ এবং ফেরত প্রদানের সময় ও পদ্ধতি নির্ধারণ করিবেন।

৭। **সহায়তাকারীর আচরণ বিধি**।—সহায়তাকারীর আচরণ বিধি হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) সহায়তাকারী সততা ও বিশ্বস্ততার সহিত দায়িত্ব পালন করিবেন;

(খ) বিকল্প বিরোধ নিস্পত্তিকালে সহায়তাকারী স্বাধীন ও নিরপেক্ষভাবে কার্য সম্পাদন করিবেন;

(গ) সহায়তাকারী আবেদন বহির্ভূত কোন বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন না;

(ঘ) সহায়তাকারী বিকল্প বিরোধ নিস্পত্তি প্রক্রিয়ায় মতৈক্য প্রতিষ্ঠার লক্ষ্যে আবেদনকারী বিভাগীয় প্রতিনিধিকে সহায়তা করিবেন;

(ঙ) সহায়তাকারী উভয় পক্ষের সম্মতিতে বিরোধীয় বিষয়ে কারিগরী বা পেশাগত জ্ঞান রহিয়াছে এইরূপ কোন ব্যক্তির সহায়তা বা পরামর্শ গ্রহণ করিতে পারিবেন ;

(চ) সহায়তাকারী অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে বিরোধসমূহ নিস্পত্তি করিবেন ;

(ছ) গোপনীয়তা (Confidentiality) ঃ—

(১) বিরোধ নিস্পত্তি প্রক্রিয়ায় সহায়তাকারীর নিকট কোন পক্ষ কর্তৃক প্রকাশিত তথ্য সহায়তাকারী গোপন রাখিবেন এবং সংশ্লিষ্ট পক্ষসমূহের অনুমতি ব্যতীত উক্তরূপ সরবরাহকৃত তথ্য প্রকাশ করিতে পারিবেন না ;

(২) বিরোধ নিস্পত্তি প্রক্রিয়ার আওতায় সকল কার্যক্রম, দলিলাদি ও ফলাফল গোপন রাখিতে হইবে, তবে কেবলমাত্র অন্য কোন আইনের অধীনে অথবা উভয় পক্ষের সম্মতিতে এতদ্‌সংক্রান্ত তথ্যাদি প্রকাশ করা যাইবে।

৮। **স্বার্থের দ্বন্দ্ব (Conflict of Interest)**।—(১) সহায়তাকারী তাহার নিকট কোন বিকল্প বিরোধ প্রক্রিয়া নিস্পন্নাধীন থাকা অবস্থায় ন্যায় বিচার প্রভাবিত হইতে পারে বলিয়া মনে করিলে অথবা তিনি কোন বিরোধ নিস্পত্তি করিতে ইচ্ছুক না হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিরোধীয় বিষয়টি ফেরত প্রদান করিবেন এবং তাৎক্ষণিকভাবে উহা সংশ্লিষ্ট পক্ষকেও লিখিতভাবে অবহিত করিবেন।

(২) বিরোধীয় বিষয়ে মনোনীত সহায়তাকারীর নিকট যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট বিরোধীয় বিষয়ে তাহার স্বার্থ জড়িত রহিয়াছে অথবা বিরোধ নিষ্পত্তিতে নিরপেক্ষতা ক্ষুণ্ন হইতে পারে, সেক্ষেত্রে সহায়তাকারী তাহার মনোনয়নে অস্বীকৃতি জ্ঞাপন করিবেন এবং লিখিতভাবে জাতীয় রাজস্ব বোর্ড ও আবেদনকারীকে অবহিত করিবেন।

(৩) কোন বিরোধের ক্ষেত্রে বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া শুরু হইবার পর সহায়তাকারীর অনুরোধের প্রেক্ষিতে অথবা উভয় পক্ষের সম্মতিতে জাতীয় রাজস্ব বোর্ড সহায়তাকারীকে প্রত্যাহার এবং নূতন সহায়তাকারী নিয়োগের ব্যবস্থা করিবেন।

৯। **বিকল্প বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে আবেদনকারীর অধিকার ও দায়িত্ব।**—(১) আবেদনকারী বিকল্প বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে মনোনীত বিভাগীয় প্রতিনিধির সহিত এতদুদ্দেশ্যে নিয়োগপ্রাপ্ত সহায়তাকারীর (Facilitator) তত্ত্বাবধানে, বিরোধীয় বিষয়ে স্বাধীনভাবে সমঝোতা আলোচনা করিতে পারিবেন।

(২) বিরোধ নিষ্পত্তির উদ্দেশ্যে বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়ায় আবেদনকারী স্বয়ং অথবা তদ্‌কর্তৃক মনোনীত কোন পেশাদার উপদেষ্টা অংশ গ্রহণ করিতে পারিবেন।

(৩) আবেদনকারী যদি মিথ্যা ঘোষণা, মিথ্যা তথ্য বা মিথ্যা দলিলাদি উপস্থাপনের মাধ্যমে বিকল্প বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়ায় মতৈক্যের ভিত্তিতে (by agreement) তাহার স্বপক্ষে কোন আদেশ বা সিদ্ধান্ত প্রাপ্ত হইয়াছেন মর্মে পরবর্তীতে উদঘাটিত হইলে, উক্ত আদেশ বা সিদ্ধান্ত বাতিল বলিয়া গণ্য হইবে এবং তাহার বিরুদ্ধে কর্তৃপক্ষ কর্তৃক আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১০। **মূল্য সংযোজন কর বিভাগের বিভাগীয় প্রতিনিধিত্বকারী কর্মকর্তা।**—(১) বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় মূল্য সংযোজন কর বিভাগের প্রতিনিধিত্ব করিবার জন্য সংশ্লিষ্ট কমিশনারগণের সাথে পরামর্শক্রমে বোর্ড বিভাগীয় প্রতিনিধির একটি তালিকা প্রণয়ন করিবে এবং প্রতি ৬ (ছয়) মাস পর পর উক্ত তালিকাভুক্ত কর্মকর্তাগণের কর্মতৎপরতা পর্যালোচনাপূর্বক উক্ত তালিকা সংশোধন কারিতে পারিবে।

(২) বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রতিনিধি, সহায়তাকারীর তত্ত্বাবধানে, আবেদনকারীর সাথে সমঝোতা আলোচনা করার ক্ষেত্রে সম্পূর্ণ স্বাধীন ও নিরপেক্ষ থাকিবেন এবং বিরোধীয় বিষয়ের উপর প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণপূর্বক পেশাদারী ও সমঝোতার মনোভাব নিয়া দায়িত্বশীলতার সাথে বিকল্প বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়ার সমঝোতা আলোচনায় অংশগ্রহণ করিবেন।

১১। **সহায়তাকারীর সার্ভিস চার্জ**।—(১) আইন ও এই বিধিমালার আওতাধীন কোন বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মনোনীত সহায়তাকারীকে নিম্নবর্ণিত টেবিল উল্লিখিত হারে বিরোধীয় মূল্য বা বিষয়ের উপর সার্ভিস চার্জ প্রদান করিতে হইবে, যথা ঃ—

টেবিল

ক্রঃ/নং	বিরোধীয় মূল্য/বিষয়	ফি এর ভিত্তি/ হার/ পরিমাণ
১	বিরোধীয় মূল্য/বিষয়- টাকা ১,০০,০০০/- (এক লক্ষ) হইতে দুই (২) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্যের ৫%
২	বিরোধীয় মূল্য/বিষয়- টাকা ২,০০,০০০/- (দুই লক্ষ) এর অতিরিক্ত হইতে পাঁচ (৫) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্যের ৪%
৩	বিরোধীয় মূল্য/বিষয় টাকা ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) এর অতিরিক্ত হইতে দশ (১০) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্যের ৩%
৪	বিরোধীয় মূল্য /বিষয়- টাকা ১০,০০,০০০/- (দশ লক্ষ) এর অতিরিক্ত হইতে পঁচিশ (২৫) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্যের ২.৫০%
৫	বিরোধীয় মূল্য/বিষয়-টাকা ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) এর উর্ধ্বে হইলে	বিরোধীয় মূল্যের ২%

(২) উপ-বিধি (১) এ বর্ণিত সার্ভিস চার্জের ৫০% সরকার বা সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা এবং ৫০% আবেদনকারী প্রদান করিবেন।

(৩) বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া ও এতদ্‌সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন হইবার পর ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সহায়তাকারীকে এই বিধি অনুযায়ী সার্ভিস চার্জ প্রদান করা হইবে।

১২। **বিকল্প বিরোধ নিষ্পত্তির পদ্ধতির বিষয়ে প্রশিক্ষণ**।—বোর্ড বিকল্প বিরোধ নিষ্পত্তির পদ্ধতি কার্যকর করিবার লক্ষ্যে বিধি ৫ এর অধীন তালিকাভুক্ত মনোনীত সহায়তাকারী, মূল্য সংযোজন কর কর্মকর্তা, সংশ্লিষ্ট করদাতাসহ সংশ্লিষ্ট সকলকে এই বিষয়ে প্রশিক্ষণ প্রদান করিবে।

ফরম-১

জাতীয় রাজস্ব বোর্ড

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৪১গ-তে বর্ণিত বিরোধ উক্ত আইন এর ধারা ৪১ক হইতে ৪১ট এবং এতদ্‌সংক্রান্ত বিধিমালা...................... তারিখ...................এর আওতায় নিষ্পত্তিকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন করার ফরম

[বিধি ৩(১) দ্রষ্টব্য]

১। (ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

(গ) আবেদনকারীর TIN, BIN, IRC ফোন নম্বরঃ

২। (ক) আবেদনে বর্ণিত বিরোধের প্রকৃতি ও বর্তমান অবস্থাঃ শুল্ক মূল্য সংক্রান্ত/ মূসক মূল্য সংক্রান্ত/ন্যায় নির্ণয়াধীন/আপীলাধীন/রীট মামলাধীন।

(গ) বিরোধীয় (disputed) বিষয় সংশ্লিষ্ট শুল্ক স্টেশন/দপ্তরের নাম ঠিকানা ঃ

৩। বিরোধীয় (disputed) পণ্যের নাম, বিবরণ, পরিমাণ ঃ

৪। বিরোধ সংক্রান্ত বিল অব এন্ট্রি/নথি/আদেশ নম্বর ও তারিখ ঃ

৫। বিরোধীয় (disputed) মূল্য বা জরিমানার বা রিফান্ডের পরিমাণ ঃ

৬। বিরোধীয় (disputed) বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ ঃ

৭। বিরোধের সমর্থনে প্রাসঙ্গিক দলিলাদির নাম ও বিবরণ এবং সংযুক্ত ঃ

আবেদনকারীর

স্বাক্ষর ঃ

নাম ঃ

পদবী ঃ

তারিখ ঃ

ফরম-২

[বিধি ৩(৩) দ্রষ্টব্য]

বিকল্প বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মূসক বিধিমালার আওতায় প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ/প্রাপ্তি ও নিষ্পত্তি তথ্য সংরক্ষণ সংক্রান্ত রেজিস্টার

ক্রমিক নং	আবেদনকারীর নাম, ঠিকানা, টিন নম্বর, আইআরসি নম্বর, ফোন নম্বর ও এতদ্‌সংক্রান্ত নথি নম্বর	আবেদন পত্র প্রাপ্তির তারিখ	আবেদনে বর্ণিত বিরোধীয় বিষয়	বিরোধীয় বিষয়টি অন্য দপ্তর সংশ্লিষ্ট হইলে আবেদন পত্রের উপর মতামত, নথি ও প্রতিনিধি প্রেরণের লক্ষ্যে আবেদনপত্র সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের তারিখ ও প্রেরণ পদ্ধতি	কলাম-৫ এ বর্ণিত দপ্তর হতে মতামত নথি, প্রতিনিধি প্রাপ্তির তারিখ	বিরোধীয় পক্ষের মধ্যে আলোচনা অনুষ্ঠানের তারিখ	চূড়ান্ত নিষ্পত্তির তারিখ	নিষ্পত্তির ফলাফলঃ ইতিবাচক/ ঋণাত্মক	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

ফরম-৩

[বিধি ৬ এর উপবিধি (৪) ও (৫) দ্রষ্টব্য]

১	আবেদনকারীর নাম, ঠিকানা	ঃ	
২	আবেদনপত্র প্রাপ্তির তারিখ	ঃ	
৩	আবেদনে বর্ণিত বিরোধের প্রকৃতি ও বর্তমান অবস্থা	ঃ	
৪	বিরোধীয় পণ্য/ সেবার নাম, বিবরণ, পরিমাণ	ঃ	
৫	বিরোধীয় মূল্য/জরিমানা/রিফান্ড/শুল্ক কর এর পরিমাণ	ঃ	
৬	বিরোধীয় বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ	ঃ	
৭	বিরোধীয় বিষয় সংশ্লিষ্ট বি/ ই নথি/ আদেশ নম্বর ও তারিখ	ঃ	
৮	সহায়তাকারীর নাম, পদবী, ঠিকানা	ঃ	
৯	বিরোধীয় পক্ষগণের সাথে আলোচনা করে সহায়তাকারী কর্তৃক বিরোধীয় বিষয়ে নিবন্ধিত বিবেচ্য বিষয়সমূহ	ঃ	
১০	বিরোধীয় পক্ষগণের মধ্যে অনুষ্ঠিত আলোচনার স্থান ও তারিখ	ঃ	
১১	অনুষ্ঠিত আলোচনায় কৃত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	ঃ	
১২	সিদ্ধান্ত গ্রহণের তারিখ, সময়, স্থান	ঃ	
১৩	সিদ্ধান্তের প্রকৃতি ঃ নিষ্পত্তি অথবা অনিষ্পন্ন	ঃ	
১৪	সহায়তাকারীসহ পক্ষগণের স্বাক্ষর, নাম, পদবী, তারিখ	ঃ	

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ড. নাসিরউদ্দিন আহমেদ
চেয়ারম্যান

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত। মোঃ দেলোয়ার হোসাইন (উপ-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd